তারিখ : 17 NOV 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# নাগরপুরে প্রাথমিক শিক্ষকের ৭৯টি পদ শূন্য

■ নাগরপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

টাঙ্গাইলের নাগরপুর উপজেলার ১২টি ইউনিয়নের ৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শুন্য রয়েছে। এদের মধ্যে প্রধান শিক্ষকের ২৬টি ও সহকারী শিক্ষকের ৫৩টি পদ রয়েছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে স্কুলগুলো পরিচালিত হচ্ছে। পর্যাপ্ত শিক্ষক না থাকায় স্কুলের ছাত্র-ছাত্রীরাও ঠিকমতো লেখাপড়া করতে পারছে না। ফলে শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল খারাপ হচ্ছে। এসব পদ শূন্য থাকায় বিদ্যালয়গুলোতে শিক্ষাকার্যক্রমের পাশাপাশি প্রশাসনিক কার্যক্রমে পরিচালনায়ও ব্যাপক সমস্যার সৃষ্টি হয়েছে।

প্রধান শিক্ষক শূন্য প্রাথমিক বিদ্যালয়গুলো হচ্ছে — রেহাই মিরকুটিয়া, আগদিঘুলিয়া, সুবর্ণতলি, চৌবাড়িয়া, সিংজোড়া, পাইকশা মাইঝাইল, খামার ধল্লা, সুটাইন রংছিয়া, দপ্তিয়র, নিশ্চিতপুর, বাদেবিহালি, কোদালিয়া, শেহরাইল, বলারামপুর, সুদামপাড়া, মেঘনা, শুনসি, নাটাং, মানরা, পাকুটিয়া, আগতারাইল, ফয়েজপুর, আটাপাড়া, আটিয়াউলাইল ও গাংবিহালি সরকারি প্রাথমিক বিদ্যালয়।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খোরশেদ আলম বলেন, উপজেলার বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। বর্তমানে নিয়োগ প্রক্রিয়া বন্ধ আছে। নিয়োগ প্রক্রিয়া চালু হলে এই সব জটিলতা থাকবে না। এ ব্যাপারে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর শূন্য পদের তালিকা পাঠানো হয়েছে। //